**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/31/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# 10 মিলিয়ন মার্কিন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (DOWNTOWN REVITALIZATION INITIATIVE, DRI) অংশ হিসেবে গভর্নর কুওমো নিউ রোশেলের (NEW ROCHELLE) জন্য রূপান্তরমূলক প্রকল্প ঘোষণা করেছেন

***কমিউনিটির বিকাশকে শক্তিশালী, অবকাঠামোগত উন্নয়ন এবং অর্থনীতি পুনরুজ্জীবিত করতে ছয়টি ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ প্রকল্প***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ 10 মিলিয়ন মার্কিন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের অংশ হিসেবে নিউ রেশেলের জন্য ছয়টি রূপান্তরমূলক প্রকল্প ঘোষণা করেছেন। ডাউনটাউন নিউ রোশেলে এসব কৌশলগত বিনিয়োগ আঞ্চলিক সুযোগ, স্পন্দনশীল শিল্পকলা ও সংস্কৃতি এবং নগরীর ডাউনটাউনের পুনঃবন্টিত এলাকাসহ (Overlay Zone) কমিউনিটির শক্তি আরও বৃদ্ধি ও এতে মনোনিবেশ করবে, যা 2015 সাল থেকে DRI অঞ্চলে পাঁচটি নতুন বেসরকারি খাতের উন্নয়ন প্রকল্পে অনুঘটকের কাজ করেছে। অর্থনীতিকে পুনরায় উজ্জীবিত করার এবং মিড হাডসন অঞ্চলের জন্য আরো সুযোগ-সুবিধা সৃষ্টি করার উদ্দেশ্যে গভর্নরের চলমান প্রচেষ্টার অংশ হল এই বিনিয়োগ।

"ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের সহায়তায় নিউ রোশেল এলাকার অধিকতর উন্নয়ন, কমিউনিটির জন্য সমৃদ্ধ স্থান এবং শিক্ষা ও কর্মশক্তির উন্নয়নের ক্ষেত্রে নতুন সুযোগ অর্জন করবে", **গভর্নর কুওমো বলেন।** "এসব লক্ষ্যযুক্ত বিনিয়োগ শহরের গতিশীল সংস্কৃতি এবং এর পরস্পর নির্ভরশীল পেশাগত ও আবাসিক পরিবেশকে আরও সমৃদ্ধ করবে।"

"নিউ রোশেলের প্রাণবন্ত শিল্প ও সংস্কৃতি রয়েছে এবং শহরটি ডাউনটাউন এলাকার হাঁটাচলাচল এবং প্রবেশযোগ্যতা বাড়াতে দক্ষিণাঞ্চলীয় এলাকাগুলোকে রূপান্তরিত করতে কাজ করছে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন, যিনি আজকের ঘোষণা করেছেন।** "এসব প্রকল্পে বিনিয়োগ যোগাযোগের ক্ষেত্রে উন্নতি ঘটিয়ে ডাউনটাউনকে লিংকন অ্যাভিনিউ করিডোরের সাথে সংযুক্ত, বাসিন্দাদেরকে নতুন বিনোদনমূলক সুযোগ প্রদান এবং জীবনযাত্রার মান বৃদ্ধি করবে। আমরা কৌশলগতভাবে অর্থনৈতিক বিকাশকে সহায়তা প্রদানের মাধ্যমে মিড-হাডসন অঞ্চলকে পুনরুজ্জীবিত করার দিকে দৃষ্টি নিবদ্ধ করছি যা ব্যবসা প্রতিষ্ঠানসমূহকে আকৃষ্ট এবং আগামী প্রজন্মসমূহের জন্য অর্থনীতিকে শক্তিশালী করে চলেছে।"

নিউ রোশেলকে 2018-এর সেপ্টেম্বরে DRI রাউন্ড 3 (DRI Round 3) বিজয়ী ঘোষণা করা হয়। নিউ রোশেল বিবর্তনশীল, সমৃদ্ধ নগর কেন্দ্রকে মাইল ব্যাপী লিংকন অ্যাভিনিউ করিডোরের সাথে সংযুক্ত করবে, যেখানে মিশ্র-আয়ের আবাসন, একটি নতুন সংস্কারকৃত হাসপাতাল, সবুজ স্থান, একটি মেট্রো-নর্থ ট্রেন স্টেশন এবং নগরীর শিল্পকলা ও সাংস্কৃতিক এলাকার অংশ বিশেষ রয়েছে। বিগত কয়েক বছরে নগরীতে বাণিজ্যিক, আবাসিক এবং মিশ্র-ব্যবহারযোগ্য উন্নয়নের জন্য উল্লেখযোগ্য সরকারি-বেসরকারি বিনিয়োগের ভিত্তির উপর ডাউনটাউন নিউ রোশেল কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা তৈরি হবে। DRI বিনিয়োগ দক্ষিণাঞ্চলের বাণিজ্যিক, প্রাতিষ্ঠানিক এবং সাংস্কৃতিক সম্পদের সাথে করিডোরের উত্তর অংশের আবাসিক এলাকাগুলির সংযোগ স্থাপনের জন্য নগরীর সম্পদ এবং বেসরকারি বিনিয়োগকে সুবিধা দেবে। শহরটি এমনভাবে অবকাঠামোগত উন্নয়ন করতে চায় যা পথচারী এবং যানবাহন চলাচলের ক্ষেত্রে উন্নয়ন ঘটাবে এবং ডাউনটাউনের হাঁটাচলাচলযোগ্য, টেকসই, ট্রানজিট-ভিত্তিক নকশাকে এই করিডোরে সম্প্রসারিত করে বসবাস ও কাজের উপযোগী কর্মব্যস্ত পরিবেশ সৃষ্টি করবে।

যেসব নির্দিষ্ট প্রকল্পে DRI এর মাধ্যমে অর্থায়ন করা হবে, তার মধ্যে রয়েছে:

**লিংকন অ্যাভিনিউ করিডোর বরাবর রাস্তার পরিপূর্ণ সুবিধা এবং নিরাপদ যান চলাচল ব্যবস্থা স্থাপন:** ওয়েবস্টার অ্যাভিনিউ এবং নর্থ অ্যাভিনিউ এর মধ্যে সম্পূরক যাতায়াত সুবিধা উন্নয়নের মাধ্যমে হেঁটে, সাইকেলে বা যানবাহনের মাধ্যমে ভ্রমণকারীদের জন্য লিংকন অ্যাভিনিউ করিডোরের প্রবেশযোগ্যতা, দৃশ্যমানতা এবং নিরাপত্তার ক্ষেত্রে উন্নয়ন। উন্নয়ন কাজগুলোর মধ্যে নতুন বা উন্নত ক্রসওয়াক, পথচারী র‍্যাম্প, কিনারা সম্প্রসারণ (curb extension), যাতায়াত ব্যবস্থা নিরাপদ করা, সংকেত ব্যবস্থা, একটি বাইক পাথ, নির্ধারিত বাইক ক্রসিং স্থাপন, মূল সংযোগগুলো থেকে পার্কিং অপসারণ, রাস্তার জ্যামিতিক সংশোধন, গতি সীমা পুনর্বিবেচনা এবং নতুন ও স্থানান্তরিত বাস স্টপ অন্তর্ভুক্ত থাকতে পারে।

**এলাকাসমূহের মাত্রাগত উন্নয়নের জন্য অঞ্চল বিভাজন (Zoning) সংশোধন:** আবাসিক ও বাণিজ্যিক ব্যবহার এবং পথচারী-বান্ধব নগর নকশার বৃহত্তর মিশ্রণকে উৎসাহিত করতে লিংকন অ্যাভিনিউ করিডোর এলাকায় একটি নতুন পুনঃবন্টিত অঞ্চল প্রতিষ্ঠা। সম্পর্কিত পরিকল্পনা সমীক্ষা, প্রয়োজনীয় পরিবেশগত পর্যালোচনা এবং জনসাধারণের জোরালো সম্পৃক্ততা প্রক্রিয়া এই প্রয়াসে অন্তর্ভুক্ত থাকবে।

**লিংকন (The Linc): স্মারক মহাসড়কের (Memorial Highway) একটি অংশকে জনসাধারণের জন্য উন্মুক্ত স্থানে রূপান্তর:** নিউইয়র্ক অঙ্গরাজ্যের রুট 5-এর পূর্বমুখী অংশ অপসারণ করে এবং পুনরায় জনসাধারণের জন্য উন্মুক্ত স্থান তৈরি, বাসিন্দাদের বিনোদনের সুযোগ প্রদান এবং প্রস্তাবিত বিনোদন কেন্দ্রের উন্নয়নের জন্য প্রাথমিক কাজ সম্পাদন। সাময়িক বাধা, সংকেত, স্ট্রাইপিং স্থাপন এবং পিচ ঢালা ও পাকা রাস্তা অপসারণের কাজে DRI অর্থায়ন ব্যবহৃত হবে।

**একটি ব্ল্যাক বক্স থিয়েটার এবং শিল্পকলা শিক্ষা কেন্দ্র তৈরি:** বাসিন্দাদের সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন, ডাউনটাউনে দর্শক-শ্রোতা আকর্ষণ এবং নিউ রোশেলের মেইন স্ট্রিটে সাংস্কৃতিক নোঙ্গর

হিসাবে নিউ রোশেলের 587 নং মেইন স্ট্রিটের একটি সাবেক ঐতিহাসিক সিনেমা হলের দ্বিতীয় তলায় একটি নতুন কমিউনিটি পরিবেশনা এবং শিল্পকলা শিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠা। প্রকল্পটিতে নাটক, প্রদর্শনীর স্থান এবং একটি কফি শপের মতো সুবিধার জন্য অভ্যন্তরীণ সাজসজ্জা অন্তর্ভুক্ত করা হবে।

**গণ-সৌচাগার (Public Comfort Station)-সহ লিংকন পার্ক উন্নীতকরণ:** সম্প্রতি স্থাপিত খেলার সরঞ্জাম এবং বাস্কেটবল কোর্ট ব্যবহারকারীদের জন্য এবং লিংকন পার্ক মহাপরিকল্পনা বাস্তবায়নে সহায়তা করার জন্য লিংকন পার্ক পুল হাউস সংলগ্ন একটি গণ-সৌচাগার নির্মাণ।

**একটি নতুন সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়ন কাজে সহায়তার জন্য স্থাপিত একটি পার্কে সুবিধাদি সৃষ্টি:** নতুন, সংলগ্ন 2৪৪-ইউনিট সাশ্রয়ী মূল্যের আবাসন এবং বিস্তৃত কমিউনিটির বাসিন্দাদের নিরাপদ, আকর্ষণীয় এবং প্রবেশযোগ্য জমায়েত ও বিনোদন সুবিধার জন্য উইনথ্রপ অ্যাভিনিউ এবং ব্রুক স্ট্রিটের কোণায় নির্মাণাধীন একটি পার্কে সুবিধাদি সৃষ্টি। এসব সুবিধার উদাহরণের মধ্যে রয়েছে একটি খেলার মাঠ, বাস্কেটবল কোর্ট, গেম টেবিল অঞ্চল, ঘাসের উঠোন, ছায়া দানকারী গাছ, বেঞ্চ এবং আলোকায়নের ব্যবস্থা।

নিউ রোশেল 10 মিলিয়ন মার্কিন ডলারের DRI অনুদান থেকে 300,000 মার্কিন ডলারের সাহায্যে ডাউনটাউন পুনর্জীবিত করার জন্য একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা তৈরি করেছে। পৌর প্রতিনিধি, কমিউনিটি নেতৃত্ব এবং অন্যান্য স্টেকহোল্ডারের দ্বারা গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি, বেসরকারি খাতের বিশেষজ্ঞ ও অঙ্গরাজ্যের পরিকল্পনাবিদদের একটি দলের সহায়তাসহ এই প্রচেষ্টার নেতৃত্ব দেয়। ডাউনটাউন নিউ রোশেলের জন্য কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা স্থানীয় সম্পদ ও সুযোগ-সুবিধা পরীক্ষা করেছে এবং অর্থনৈতিক উন্নয়ন, পরিবহন, আবাসন, এবং কমিউনিটি প্রকল্পগুলোকে সনাক্ত করেছে যা ডাউনটাউনকে পুনরিজ্জিবিত করার জন্য কমিউনিটির চিন্তাভাবনার সাথে সামঞ্জস্যপূর্ণ এবং বাস্তবায়নের জন্য প্রস্তুত।

DRI প্রকল্পগুলো গভর্নর কুওমো'র নিউ রোশেল এবং মিড হাডসনের প্রতি অবিরত অঙ্গিকারের সাম্প্রতিকতম উদাহরণ।

**নিউইয়র্ক অঙ্গরাজ্যের সেক্রেটারি অব স্টেট রোসানা রোসাডো বলেন,** "গভর্নর কুওমো'র ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের কারণেই নিউ রোশেল এই লক্ষ্যযুক্ত বিনিয়োগসমূহ থেকে দারুনভাবে উপকৃত হবে। নির্ধারিত DRI প্রকল্পসমূহ শহরটিকে নতুন বাসিন্দা, পর্যটক এবং ব্যবসায়ের জন্য আরও আকর্ষণীয় করে তুলবে এবং ওয়েস্টচেস্টার কাউন্টির আরও একটি অবশ্য ভ্রমণের গন্তব্য হিসাবে কাজ করবে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর সভাপতি, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হাওয়ার্ড জেমস্কি বলেন,** "ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ নতুন চাকরি এবং তাতে সহায়তাকারী কমিউনিটি উভয়কেই উৎসাহিত করার ক্ষেত্রে নিউইয়র্ক অঙ্গরাজ্যের

প্রতিশ্রুতিকেই তুলে ধরে এবং আমি প্রত্যাশা করছি যে, শহরের অবকাঠামো, সাংস্কৃতিক সম্পদ এবং উন্মুক্ত স্থান তৈরি করে এই কৌশলগত বিনিয়োগ শহরের রূপান্তরে অবদান রাখবে।"

**নিউইয়র্ক অঙ্গরাজ্যের বাড়ি ও কমিউনিটি নবায়ন (Homes and Community Renewal) বিষয়ক কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেন,** "গভর্নর কুওমো উপলব্ধি করেন যে, নিউইয়র্ক জুড়ে প্রতিটি নগর, শহর এবং গ্রামে অনন্য চ্যালেঞ্জ এবং সম্পদ রয়েছে। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ নিউ রোশেলে সাশ্রয়ী মূল্যের আবাসনের সুযোগ বৃদ্ধি, অবকাঠামোগত উন্নয়ন এবং অর্থনৈতিক উন্নয়ন জোরদার করার জন্য কমিউনিটির নির্ধারিত প্রকল্পসমূহে 10 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে। মিড হাডসন অঞ্চলে গভর্নর গত আট বছরে প্রায় 30,000 এর বেশি বাসিন্দার জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি বা সংরক্ষণের জন্য ৪95 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের সাহায্যে আমরা নিউ রোশেল এবং পুরো মিড-হাডসন অঞ্চলের জন্য আরও শক্তিশালী এবং উন্নততর ভবিষ্যৎ নির্মাণ করছি।"

**সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন,** "নিউ রোশেল শহরের উপর এসব নতুন প্রকল্পের রূপান্তরকারী প্রভাব পড়বে। লিংকন অ্যাভিনিউ করিডোরের সাথে শহর কেন্দ্র সংযুক্ত করায় নগরীর ডাউনটাউনের পুনঃবন্টিত এলাকা, স্থানীয় শিল্পকলা ও অবকাঠামোগত বিনিয়োগের পাশাপাশি বাসিন্দা এবং ব্যবসায়ীরা বড় ধরনের সুবিধা পাবে। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ প্রমাণ করেছে যে, স্থানীয় উপকরণ এবং বুদ্ধিদীপ্ত অর্থনৈতিক প্রবৃদ্ধির মাধ্যমে কমিউনিটি শক্তিশালী নগর কেন্দ্র স্থাপন করতে সক্ষম।"

**পরিষদ সদস্য এমি পলিন বলেন,** "নিউ রোশেল শহর এর অর্থনৈতিক সম্ভাবনা বাস্তবায়নে যথেষ্ট অর্থনৈতিক অগ্রগতি অর্জন করেছে এবং ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ থেকে উপকৃত হওয়ার জন্য বেশ ভাল অবস্থানে রয়েছে। নগরীর সম্পদ এবং শক্তি বৃদ্ধিকারী এসব প্রকল্প আমাদের কমিউনিটিতে আরও বিনিয়োগ ও পর্যটক, ব্যবসা প্রতিষ্ঠান ও বাসিন্দা আকর্ষণ করবে।"

**পরিষদ সদস্য স্টিভ ওটিস বলেন,** "নিউ রোশেলে আমরা আমাদের শহরকে 21 শতাব্দীতে নিয়ে যাওয়া শুরু করার জন্য বড় ধরনের অনুদান পেয়ে আমরা খুব গর্বিত। গভর্নর কুওমো'র ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ বর্তমান এবং ভবিষ্যত প্রজন্মের উপভোগের জন্য আমাদের ডাউনটাউনে অব্যাহতভাবে বিনিয়োগ এবং উন্নয়ন নিয়ে আসছে।"

**মিড-হাডসন আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদের (Regional Economic Development Council) সহ-সভাপতি এবং সানি নিউ পল্টজ (SUNY New Paltz) এর সভাপতি ডোনাল্ড ক্রিশ্চান বলেন,** "ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ মিড হাডসন অঞ্চল জুড়ে অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টিকে উৎসাহিত করেছে, এবং DRI তহবিলের সর্বশেষ গন্তব্য হিসাবে নিউ রোশেলের সুবিধা প্রাপ্তি দেখে আমি আনন্দিত। এসব বিস্তৃত বিনিয়োগ শহরের অর্থনৈতিক ও সাংস্কৃতিক সম্পদকে সমৃদ্ধ করবে এবং একটি শক্তিশালী আঞ্চলিক অর্থনীতি লালন করবে।"

**ওয়েস্টচেস্টার কাউন্টির নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন,** "নিউ রোশেলের জন্য এটি একটি দারুন দিন, কারণ আমরা দেখছি যে শহরের গুরুত্বপূর্ণ প্রকল্পগুলিতে অর্থায়ন করা হবে। এটি কমিউনিটিকে আরও বিনিয়োগের দিকে ধাবিত করবে এবং আমাদের কমিউনিটির গর্বকে পুনরায় জাগিয়ে তুলবে। নিউ রোশেলের জন্য নতুন যুগের সূচনা করার জন্য আমি গভর্নর কুওমো এবং মিড হডসন আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদকে ধন্যবাদ জানাই।"

**নিউ রোশেল এর মেয়র নোয়াম ব্রামসন বলেন,** "DRI এর অর্থায়নকৃত প্রকল্পসমূহ আমাদের বর্ধনশীল ডাউনটাউন এবং লিংকন অ্যাভিনিউ করিডোরের মধ্যে শক্তিশালী বাস্তব, অর্থনৈতিক এবং সামাজিক সংযোগ স্থাপন করবে, রূপান্তরযোগ্য ঐতিহাসিক বিনিয়োগ অবকাঠামো, উন্মুক্ত স্থান, এবং গতিশীলতা প্রদান করবে, জননিরাপত্তার উন্নতি ঘটাবে এবং নিউ রোশেলের সমস্ত অধিবাসীকে অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি এবং সমৃদ্ধির সুবিধা পেতে সহায়তা করবে। অঙ্গরাজ্যের অমূল্য আর্থিক সহায়তায় আমরা এই কমিউনিটি-নির্দেশিত লক্ষ্যকে বাস্তবে পরিণত করব এবং আমি এজন্য সর্বোচ্চ কৃতজ্ঞ বা উচ্ছ্বসিত।"

ডাউনটাউন পুনরুজ্জিবতকরণ উদ্যোগ সম্পর্কে আরও তথ্যের জন্য দেখুন: www.ny.gov/programs/downtown-revitalization-initiative।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন